

**ঘন ঘন যে সব প্রশ্ন করা হয়
কাজের জায়গায় ধূমপান সম্পর্কে এইচ.এস.ই কি উপদেশ দেয় ?
(FREQUENTLY ASKED QUESTIONS
WHAT IS HSE'S ADVICE ON SMOKING AT WORK?)**

গ্রেট ব্রিটেনে সর্বসাধারণের ব্যবহৃত স্থানে ও কাজের জায়গায় ধূমপানকে একটি জনস্বাস্থ্য সমস্যা হিসেবে দেখা হয়। ডিপার্টমেন্ট অফ হেলথ এ ব্যাপারে একটি মুখ্য ভূমিকা নেয়, ওয়েলস-এ এটা ওয়েলস এসেসম্বলী গভর্নমেন্ট ও স্কটল্যান্ডে এটা স্কটিশ একজিকিউটিভদের দায়িত্ব। পরিস্থিতি নিম্নরূপ:

স্কটল্যান্ড

২৬ মার্চ ২০০৬ তারিখে স্কটল্যান্ডে ধূমপানের উপর আইন বদলাবে। সর্বসাধারণের ব্যবহৃত স্থান ও কাজের জায়গাগুলো ধূমপান-হীন হয়ে যাবে, কিছু সীমিত সংখ্যক ব্যতিক্রম সহ। ব্যবসায়িক কারণে ব্যবহৃত যানবাহনও এ আইনের আওতায় পড়বে। এতে হালকা ও ভারী মাল পরিবহনকারী যানবাহন ও গণপরিবহন যেমন ট্যাক্সী, বাস, ট্রেন ও ফেরী অন্তর্ভুক্ত হবে। তবে সকল কার এর আওতার বাইরে থাকবে।

ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে কিভাবে আইন মেনে চলতে হবে সে ব্যাপারে নির্দেশনা সহ নতুন আইনের উপর উপদেশ ও তথ্য পাওয়া যাবে www.clearingtheairscotland.com এ ওয়েবসাইটে। অথবা স্কটিশ একজিকিউটিভের টব্যাকো কন্ট্রোল টিমের সাথে নীচের ঠিকানায় যোগাযোগ করুন:

Scottish Executive Health Department
Tobacco Control Division
St Andrew's House
Edinburgh
EH1 3DG
টেলিফোন:: 0131 244 5660
ই-মেইল:: info@clearingtheairscotland.com

যেসব কর্মক্ষেত্রে স্মোক-ফ্রী আইনের অধীনে ছাড় দেয়া হয়েছে সেখানেও হেলথ এন্ড সেইফটি আইন সেকেন্ড হান্ড স্মোকিং (ধূমপায়ীর ধোঁয়ায় শ্বাস নেয়া) এর কারণে কর্মচারীদের স্বাস্থ্য ও নিরাপত্তার ঝুঁকি কমানোর জন্য চাকুরীদাতাদের তা যথাসম্ভব কমিয়ে রাখার দাবী করবে। এন.এইচ.এস, লোকাল অথরিটি ও কেয়ার সার্ভিসেস এর জন্য স্মোকিং পলিসির উপর স্মোক-ফ্রী স্কটল্যান্ড নির্দেশিকাতে এটা কিভাবে করতে হবে সে ব্যাপারে উপদেশ দেয়া আছে। এটা www.scotland.gov.uk/Resource/doc/47121/0020880.pdf থেকে ডাউনলোড করা যাবে অথবা উপরের ঠিকানা থেকে যোগাড করা যাবে।

ইংল্যান্ড ও ওয়েলস

২০০৭ এর সামার হতে ইংল্যান্ডের সকল জন-এলাকা ও কর্মক্ষেত্র স্মোক-ফ্রী হয়ে যাবে, কিছু সীমিত সংখ্যক ব্যতিক্রম সহ। হেলথ বিল ওয়েলস এসেম্বলীকে এ ব্যাপারে আইন প্রণয়নের ক্ষমতা দেয়। হেলথ বিল রাজকীয় অনুমোদন পাবার পর আইনের খসড়া নিয়ে এসেম্বলী সরকার আলোচনা করবেন। গত বৎসর এসেম্বলী মিনিস্টাররা যে নীতিমালা স্থির করেছেন তা স্কটল্যান্ড ও ইংল্যান্ডের অনুরূপ।

এমনকি নতুন স্মোক-ফ্রী আইনেও, সেকেন্ড হ্যান্ড স্মোকিং থেকে কর্মচারীদের প্রতিরক্ষা করার জন্য এইচ.এস.এ -র নিম্নলিখিত উপদেশ অপরিবর্তিত থাকবে:

- কর্মক্ষেত্রে ধূমপান করার ব্যাপারে নিয়োগদাতাদের বিশেষ নীতিমালা থাকতে হবে।
- সেকেন্ড হ্যান্ড স্মোকিং থেকে কর্মচারীদের স্বাস্থ্য ও নিরাপত্তার ঝুঁকি যুক্তিসংগত মাত্রায় কমিয়ে রাখার জন্য নিয়োগদাতাদের উচিত উপযুক্ত ব্যবস্থা নেয়া।
- স্মোকিং নীতিমালাতে অধুমপায়ীদের চাহিদাকে অগ্রাধিকার দিতে হবে যারা তামাকের ধোয়ায় শ্বাস নিতে চান না।
- চাকুরীদাতাদের উচিত তাদের কর্মচারী ও তাদের প্রতিনিধিদের সাথে তাদের কর্মক্ষেত্রের উপযোগী স্মোকিং নীতিমালার উপর পরামর্শ করা।

স্মোকিং এর উপর আপনি আরো তথ্য চাইলে দয়াকরে ডিপার্টমেন্ট অফ হেলথ এর কাস্টমার সার্ভিস সেন্টার কে 020 7210 4850 নাম্বারে যোগাযোগ করুন বা

<http://www.dh.gov.uk/PolicyAndGuidance/HealthAndSocialCareTopics/Tobacco/fs/en> এ ওয়েবসাইট পরিদর্শন করুন।